তারিখ .............
পৃষ্ঠা ৮ কলাম ...

# অনার্স পরীক্ষার সময়সূচী পরিবর্তন দাবিতে বিক্ষোভ, সড়ক রেল অবরোধ, ভাংচুর

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে আগামী মাসে অনুষ্ঠেয় অনার্স পার্ট-৩ পরীক্ষার রুটিনে সময়ের ব্যবধান কম হওয়ায় সময়সূচী পরিবর্তনের দাবি জানিয়েছে দেশের বিভিন্ন কলেজের ছাত্রছাত্রীরা। এ নিয়ে তারা কয়েকদিন ধরে দেশের বিভিন্ন জায়গায় বিক্ষোভ করছে। বুধবার রংপুর, বগুড়া, রাজশাহী, কুমিল্লা এবং কিশোরগঞ্জে বিক্ষুব্ধ ছাত্রছাত্রীরা ভাংচুর, বোমাবাজি, রেলপথ ও সড়কপথ অবরোধের ঘটনা ঘটায়। রংপুর কারমাইকেল কলেজের ছাত্রছাত্রীরা অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ রাখার কর্মসূচী দিয়েছে।

বগুড়া থেকে স্টাফ রিপোর্টার জানান, সরকারী আযিযুল কলেজের ছাত্ররা কলেজের সামনের রেলগেটের কাছে এবং পাওয়ার হাউসের সামনে একটি ট্রাক ও একটি বাস ভাংচুর করে।

রাজশাহী থেকে স্টাফ রিপোর্টার জানান, রাজশাহী কলেজের ছাত্রছাত্রীরা সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত কলেজের সামনে রাজশাহী- চাঁপাইনবাবগঞ্জ সড়ক অবরোধ করে রাখে। এর আগে ছাত্রছাত্রীরা কলেজ অধ্যক্ষের কাছে স্মারকলিপি দিতে গিয়ে হৈচৈ এবং চেয়ার-টেবিল ভাংচুর করে। বিক্ষুব্ধ ছাত্রছাত্রীরা প্রশাসন ভবনের নিচতলাতেও ভাংচুর করে। পরে পলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এদিকে রাস্তা

(৭- পৃষ্ঠা ২-এর

## অনার্স পরীক্ষার (৮-এর পাতার পর)

এবং ভাংচুরের পর প্রশাসন ভবনে কোন ছাত্র
প্রবেশ করতে দেয়নি পুলিশ। ফলে বিলম্ব ফীস
পার্ট-৩ পরীক্ষার ফরম পূরণের শেষ দিনেও
ছাত্রছাত্রীরা ফরম পূরণ থেকে বঞ্চিত হয়ে
প্রেসক্লাবে এসে সাংবাদিকদের কাছে অভিযোগ
রংপুর সংবাদদাতা জানান, ছাত্রছাত্রীদের
আন্দোলনের কারণে গত ৪ দিন ধরে
কারমাইকেল কলেজে অচলাবস্থা চলছে। বুধবা
ছাত্রছাত্রীরা কলেজ থেকে বিক্ষোভ মিছিল নি
প্রেসক্লাবে এসে অনির্দিষ্টকালের জন্য কলেজ ব
কর্মসূচী ঘোষণা করে। তবে কলেজ
ছাত্রছাত্রীদের এই ঘোষণা সম্পর্কে অবহিত
জানান। এর আগে বিক্ষুব্ধ ছাত্রছাত্রীরা কলেজ
মিছিল সমাবেশ এবং বোমাবাজি করে এক অ
পরিস্থিতির সৃষ্টি করে। এতে ছাত্রছাত্রীদের মধে
ছড়িয়ে পড়ে। কিশোরগঞ্জ সংবাদদাতা জানান,
গুরুদয়াল কলেজের ছাত্রছাত্রীরা দুপুরে রে
গিয়ে আন্তঃনগর এগারসিন্ধু ট্রেন অবরোধ ক
উক্ত ট্রেনটি নির্ধারিত সময়ে যেতে পারেনি। অ
সময় ছাত্ররা স্টেশনের কয়েকটি কক্ষ ভাংচুর ক
কুমিল্লা সংবাদদাতা জানান, কুমিল্লা ভিক্টোরিয়া
ছাত্রছাত্রীরা দুপুরে শহরের ধর্মপুর রেল
সামনে গিয়ে ঢাকা-চট্টগ্রাম রেল অবরোধ করে।
চট্টগ্রাম থেকে ঢাকাগামী মহানগর ট্রেন কুমিল্লা
স্টেশনের অদূরে আটকা পড়ে। এসময় ছা
বিক্ষোভ করে কলেজ অধ্যক্ষের কার্যালয় ঘেরা
উল্লেখ্য, বেশ কয়েকদিন ধরে দেশের বিভিন্ন
ছাত্রছাত্রীরা অনার্স পার্ট-৩ পরীক্ষার
পরিবর্তনের দাবিতে আন্দোলন- বিক্ষোভ করে
এদিকে স্বতন্ত্র পরীক্ষা হল, ক্লাসরুম নির্মাণ
শিক্ষক নিয়োগ করে সারা বছর ক্লাস চালু র
পরীক্ষার তিন মাসের মধ্যে ফল প্রকাশের
সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট আগামী শনিবার সার
স্নাতক ও স্নাতকোত্তর কলেজে ছাত্র ধর্মঘট ডে